

স্মারক নং-শিম/শাঃ৫/ডিআইএ-৩/২০০৮/২৯৮


তারিখঃ ২১ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ  
০৫ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ

## পরিপত্র

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মানোন্নয়ন এবং আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়নের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের দায়িত্ব পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) পালন করে থাকে। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর -এর পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট ব্রডশীট জবাব চাওয়া হয়। প্রতিষ্ঠানসমূহের প্রধান জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সভাপতির সুপারিশ সহকারে জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নিকট প্রেরণ করে। মহাপরিচালক এর দপ্তর হতে মন্তব্যসহ প্রতিবেদনটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় প্রতিবেদন পর্যালোচনাপূর্বক আপত্তি নিষ্পত্তি অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করে থাকে।

০২। সম্প্রতি দেখা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এর পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন অধিদপ্তর, শিক্ষা বোর্ড এবং শিক্ষা প্রতিষ্ঠান সরাসরি ব্যবস্থা গ্রহণ করছে। এর ফলে বিভিন্ন প্রকার জটিলতা সৃষ্টি হচ্ছে।

০৩। এমতাবস্থায়, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণ সম্পাদিত পরিদর্শন প্রতিবেদন এ পরিপত্রের প্রথম প্যারায় উল্লিখিত প্রক্রিয়ায় বিবেচনার পর শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আদেশ ব্যতীত অন্য কোনভাবে বিবেচনাপূর্বক কোন দপ্তর প্রতিষ্ঠান কর্তৃক সরাসরিভাবে প্রতিষ্ঠান বা ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে না।



এস. এম. আশরাফুল ইসলাম  
যুগ্ম-সচিব (অডিট ও আইন)

☎: ৯৫৬৫৫৭৪

### বিতরণঃ

- ১। যুগ্ম-সচিব (কলেজ/মাদরাসা ও কারিগরি/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/বরিশাল/সিলেট/ চট্টগ্রাম/যশোর/কুমিল্লা/দিনাজপুর
- ২। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা/মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা- সকল আঞ্চলিক শিক্ষা অফিস/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং শিক্ষা প্রতিষ্ঠানে অগ্রায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৪। উপ-সচিব (অডিট/আইন/কলেজ/মাদরাসা/কারিগরি/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ২য় ব্লক, শিক্ষা ভবন, ঢাকা
- ৬। পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫
- ৭। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। সকল অধিশাখা/শাখা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকাও

### অনুলিপিঃ

#### সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা